গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নকলা, শেরপুর
www.nokla.sherpur.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৮৯০০.০০০.৩৩.০০৪.১৯-১৪

তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

## ২০ একরের নিচে আয়তন বিশিষ্ট (বদ্ধ) সরকারী জলমহাল বন্দোবস্ত/ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর স্মারক নং-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ তারিখ: ২৩ নভেম্বর, ২০২৫ মূলে জারিকৃত প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে নকলা উপজেলাধীন ২০ একরের নিচে আয়তন বিশিষ্ট (বদ্ধ) ইজারাযোগ্য নিম্নবর্ণিত জলমহাল ০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট হতে নির্ধারিত সময়সূচি ও নিয়মাবলী/শর্তাবলী অনুসরণপূর্বক দরপত্র/আবেদন আহ্বান করা যাচ্ছে।

| | কার্যক্রম | : | সময়সূচি |
|---|---|---|---|
| ১। | অনলাইনে আবেদন দাখিল | : | ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ, ১৫ জানুয়ারি, ২০২৬ খ্রি. থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ, ২৯ জানুয়ারি, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |
| ২। | অনলাইনে দাখিলকৃত দরপত্র আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাসহ মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নকলা, শেরপুর দাখিল। | : | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) |

| ক্র.ন. | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | মৌজা | জলমহালের ধরন (বিল/খাল/নদী) | বিগত ৩ বছরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে কাঙ্ক্ষিত সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | নকলা | নীলকুঠি পুকুর | ৩.১৭ একর | পাঠাকাটা | পুকুর | ২,৩১,০০০/- | ২,৪২,৫৫০/- | |

### শর্তাবলী:

১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (jm.lams.gov.bd) রেজিস্ট্রেশন সম্পন্ন করে ১৪৩২ বঙ্গাব্দের ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে আবশ্যিকভাবে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপি সহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালাযুক্ত খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নকলা, শেরপুর এ দাখিল করতে হবে। সিলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে জলমহালের নাম ও ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাটি স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখা থাকতে হবে।

৩. জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি ও জলমহাল ইজারা সংক্রান্ত আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েব পোর্টাল (www.nokla.sherpur.gov.bd) ও (www.acl.nokla.sherpur.gov.bd) এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৪. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জলমহাল ইজারা পাওয়ার জন্য আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫. জলমহাল বন্দোবস্ত/ইজারা দরপত্র ফরমের মূল্য ৫০০/-(পাঁচশত) টাকা নগদ জমার মাধ্যমে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে।

৬. যেসকল জলমহালের ওপর ঊর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা অন্য কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের ওপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এ ছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৭. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন ০২ টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

৮. প্রত্যেক বৎসরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমাদানের মাধ্যমে সরকারের যথাযথ খাতে তফসীলি ব্যাংকে পরিশোধ করতে হবে।

৯. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি যা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমিতি বা সমিতিসমূহ নিকটবর্তী/ তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

১০. সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ওপর ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লিজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লিজমানির সাথে উক্ত জামানত সমন্বয় করা হবে। লিজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১১. সময়মত লিজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লিজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লিজ প্রদানের ব্যবস্থা গ্রহণে এখতিয়ারবান থাকবেন।

১২. লিজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লিজ বাতিল করবেন এবং জমাকৃত লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লিজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৩. ইজারামূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠন স্ব-উদ্যোগে ইজারাচুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ করবেন। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না কিংবা কোন কর্তৃপক্ষ বা কোন আদালতে মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না। লিজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল প্রদান করা হবে না।

১৪. কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪|০১|২০২৬

মোঃ জাহাঙ্গীর আলম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নকলা, শেরপুর
+৮৮০২৯৯৭৭-৮২৯৩৭
Email: unonakhla@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৮৯০০.০০০.৩৩.০০৪.১৯-১৪

তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

অনুলিপি: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

০১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহিদ তাজউদ্দিন আহমদ সরণী, তেজগাঁও, ঢাকা-১২০৮
০৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
০৪. জেলা প্রশাসক,শেরপুর
০৫. পুলিশ সুপার, শেরপুর
০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর
০৭. প্রশাসক, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর
০৮. প্রশাসক, নকলা পৌরসভা, শেরপুর
০৯. সহকারী কমিশনার (ভূমি), নকলা, শেরপুর
১০. অফিসার ইনচার্জ, নকলা থানা, শেরপুর
১১. চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ......................................., ইউনিয়ন পরিষদ, নকলা, শেরপুর
১২. সম্পাদক, ..........................................................................................(বিজ্ঞপ্তিটি ০১(এক) দিন তার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৩. সংশ্লিষ্ট (সকল) ........................................................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, শেরপুর
১৪. অফিস কপি/নোটিশ বোর্ড

০৪|০১|২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
নকলা, শেরপুর

CamScanner